

জুলজিক্যাল ও বোটানিক্যাল নমেনক্লেচার

- কোন প্রাণী বা উদ্ভিদের আন্তর্জাতিকভাবে স্বীকৃত বৈজ্ঞানিক নামকে নমেনক্লেচার বলা হয়।
- বৈজ্ঞানিক নামকরণ সাধারণত দুইটি পদের মাধ্যমে করা হয়। এজন্য একে দ্বিপদ নামকরণ বলা হয়।
- দ্বিপদ নামকরণের জনক ক্যারোলাস লিনিয়াস।
- ১৭৫৩ সালে ক্যারোলাস লিনিয়াস **Species Plantarum** গ্রন্থটি প্রণয়ন করেন।
- দ্বিপদ নামের প্রথম অংশটি গণ (Genus) এবং দ্বিতীয় অংশটি প্রজাতির পদ (Species)।
- বৈজ্ঞানিক নাম ল্যাটিন ভাষায় হতে হবে।
- বৈজ্ঞানিক নাম ছাপার অক্ষরে লিখলে সব সময় ইতালিক ফন্টে হবে।
- হাতে লেখার সময় গণ ও প্রজাতির নামের নিচে দাগ দিতে হবে।
- বৈজ্ঞানিক নামের প্রথম অংশ প্রথম অক্ষর বড় হাতের এবং বাকি অক্ষর গুলো ছোট হাতের লিখতে হবে।

কতিপয় গুরুত্বপূর্ণ প্রাণী এবং উদ্ভিদ এর বৈজ্ঞানিক নাম

সাধারণ নাম	বৈজ্ঞানিক নাম	সাধারণ নাম	বৈজ্ঞানিক নাম
শাপলা	<i>Nymphaea nouchali</i>	পাট	<i>Corchorus capsularis</i>
বাঘ	<i>Panthera tigris</i>	রুই মাছ	<i>Labeo rohita</i>
ইলিশ	<i>Tenulosa ilisha</i>	ভুট্টা	<i>Zea mays</i>

আম	<i>Mangifera indica</i>	জবা	<i>Hibiscus rosa-sinesis</i>
দোয়েল	<i>Capischus saularis</i>	কলেরার জীবাণু	<i>Vibrio cholerae</i>
কাঁঠাল	<i>Artocarpous heterophyllus</i>	সিংহ	<i>Panthera leo</i>
মৌমাছি	<i>Apis indica</i>	ধান	<i>Oryza sativa</i>
কুনোব্যাঙ	<i>Bufo melanostictus</i>	মানুষ	<i>Homo sapiens</i>
আরশোলা	<i>Periplaneta americana</i>	গোল আলু	<i>Solanum tuberosum</i>